২০২৪
বাংলা
(অনার্স)
স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
চতুর্থ সেমেস্টার
কোর্স কোড : BNGH-SEC-T-2

(প্রতিবেদন, বিজ্ঞাপন রচনা ও গবেষণার রীতি-পদ্ধতি ও ব্যবহারিক প্রয়োগ)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদন কয় প্রকার ও কী কী?

খ) প্রতিবেদন রচনার ক্ষেত্রে শিরোনাম ও ভাষা কেমন হওয়া প্রয়োজন?

গ) বিজ্ঞাপন দাতা ও বিজ্ঞাপন গ্রহীতা বলতে কী বোঝো?

ঘ) একটি বিজ্ঞাপন কখন 'বিজ্ঞাপন সাহিত্য' হয়ে ওঠে?

ঙ) বিজ্ঞাপন রচনার সময় বিজ্ঞাপন রচয়িতা কোন্ কোন্ বিষয়ের প্রতি গুরুত্ব দেবেন?

(পরের পাতায়)

চ) কাব্যাংশ থেকে উদ্ধৃতি ব্যবহার করার দুটি নিয়ম লেখো।

ছ) সংখ্যা সংযোগ পদ্ধতি কাকে বলে?

জ) গবেষণামূলক রচনার পাণ্ডুলিপি গঠনের কটি বিভাগ ও কী কী?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) শিক্ষার্থীদের নিরক্ষরতা দূরীকরণের সামিল হওয়ার প্রয়োজনীয়তা প্রসঙ্গে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি প্রতিবেদন রচনা করো।

খ) গবেষণামূলক কাজের ক্ষেত্রে উৎস নির্দেশের প্রয়োজনীয়তা কতখানি? উৎস নির্দেশের পদ্ধতিগুলো কী কী?

গ) যে-কোনো একটি পণ্যদ্রব্য নির্বাচন করে সেটিকে কেন্দ্র করে একটি ঘোষণাধর্মী বিজ্ঞাপন রচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদনের বৈশিষ্ট্যগুলি লেখো।

খ) বিজ্ঞাপনের যে কোনো পাঁচটি শ্রেণীবিভাগ দৃষ্টান্তসহ আলোচনা করো।

গ) উদ্ধৃতিকে কয় ভাগে ভাগ করা যায়? উদ্ধৃতি ব্যবহারের সাধারণ নিয়মগুলি লেখো।

ঘ) ছোটগল্প রচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সম্পর্কে আলোচনা করো।

———————